

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ আশ্বিন ১৪২৮/ ২২ সেপ্টেম্বর ২০২১

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২১.২১৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিদেশী নাগরিকদের জন্য ভারতের সর্বোচ্চ পুরস্কার ‘ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক শান্তি পুরস্কার (Indira Gandhi Prize for Peace, Development and Disarmament)’ এর জন্য মনোনীত হয়েছেন।

২। এ সম্মানজনক পুরস্কারে মনোনয়ন লাভ করায় মাননীয় প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৯ অগ্রহায়ণ ১৪১৬/২৩ নভেম্বর ২০০৯ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(১৩৯২৩)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : $\frac{০৯ \text{ অগ্রহায়ণ } ১৪১৬}{২৩ \text{ নভেম্বর } ২০০৯}$

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিদেশী নাগরিকদের জন্য ভারতের সর্বোচ্চ পুরস্কার ‘ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক শান্তি পুরস্কার (Indira Gandhi Prize for Peace, Development and Disarmament)’ এর জন্য মনোনীত হয়েছেন। এ মনোনয়ন প্রধানমন্ত্রীর প্রজ্ঞা, মেধা এবং আন্তর্জাতিক সম্পর্ক উন্নয়ন ও শান্তি প্রতিষ্ঠায় তাঁর অক্লান্ত পরিশ্রমের স্বীকৃতি। তাঁর এ মনোনয়ন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের জন্য বয়ে এনেছে বিশেষ সম্মান ও মর্যাদা। এ সম্মানজনক পুরস্কার লাভে মন্ত্রিসভা তাঁকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে।